

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি: ০৮.০১.০০০০.০২৮.১৮.০০১.১২/৫৯৪

তারিখ : ১৫ আষাঢ়, ১৪২৩
২৯ জুন, ২০১৬


অফিস আদেশ

বাংলাদেশে কর্মরত বিদেশী নাগরিকদের নিকট হতে উন্নত দেশের ন্যায় প্রাপ্য রাজস্ব আহরণ নিশ্চিত করার লক্ষ্যে করণীয় বিষয় নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের বিদেশী নাগরিকদের আয়কর বিষয়ক আন্তঃমন্ত্রণালয় স্টিয়ারিং কমিটির বিগত ০৯.০৬.২০১৬ তারিখের সভায় সকল আন্তর্জাতিক বিমানবন্দরে (ঢাকা, চট্টগ্রাম ও সিলেট) এবং বেনাপোল স্থলবন্দরে বিদেশী নাগরিকদের বাংলাদেশ ত্যাগের প্রাক্কালে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১০৭ ধারা মোতাবেক আয়কর পরিশোধ সনদ (Tax Clearance Certificate required for persons leaving Bangladesh) প্রদর্শন ও যাচাই কাউন্টার চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে কর অঞ্চল সমূহের কর কমিশনারগণকে নিম্নরূপে তাদের পার্শ্বে বর্ণিত বিমানবন্দর/স্থলবন্দরে আয়কর পরিশোধ সনদ প্রদর্শন ও যাচাই কাউন্টার স্থাপনে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

কর কমিশনার, কর অঞ্চল-১১, ঢাকা	ঃ	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
কর কমিশনার, কর অঞ্চল-২, চট্টগ্রাম	ঃ	শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।
কর কমিশনার, কর অঞ্চল-সিলেট	ঃ	এম এ জি ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।
কর কমিশনার, কর অঞ্চল-খুলনা	ঃ	বেনাপোল স্থলবন্দর।

২। বেসামরিক বিমান চলাচল ও পরিবহন কর্তৃপক্ষ (CAAB)/ বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের সাথে জরুরী ভিত্তিতে যোগাযোগ করে উল্লিখিত বিমানবন্দর এবং স্থলবন্দরে বিদেশী নাগরিকদের বাংলাদেশ ত্যাগের প্রাক্কালে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১০৭ ধারা মোতাবেক আয়কর পরিশোধ সনদ (Tax Clearance Certificate required for persons leaving Bangladesh) প্রদর্শন ও যাচাই কাউন্টার চালু এবং দাখিলকৃত সনদ তাৎক্ষণিকভাবে যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৩। এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন করে অদ্যই জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।


(মোঃ আব্দুর রাজ্জাক)
সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)
২৯/০৬/১৬

প্রাপক:

কর কমিশনার, কর অঞ্চল-১১, ঢাকা, কর অঞ্চল-২, চট্টগ্রাম/সিলেট/খুলনা।

নথি: ০৮.০১.০০০০.০২৮.১৮.০০১.১২/

তারিখ : ১৫ আষাঢ়, ১৪২৩
২৯ জুন, ২০১৬

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড।